যুগান্তর

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

এমপিওভুক্ত শিক্ষকদের দাবি

# সরকারি চাকরির মতো পাঁচ শতাংশ বেতন বাড়াতে হবে

যুগান্তর রিপোর্ট

সরকারি চাকরিজীবীদের মতো প্রতি বছর পাঁচ শতাংশ বেতন বৃদ্ধির দাবি জানিয়েছেন এমপিওভুক্ত শিক্ষকরা। একইসঙ্গে বৈশাখী ভাতা দেয়াসহ ৬ দফা দাবি জানিয়েছেন তারা। রোববার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে সংবাদ সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## সরকারি চাকরির মতো পাঁচ শতাংশ

(৩য় পৃষ্ঠার পর)

নেতারা এসব দাবি জানান। দাবি আদায়ে আগামী ২৫ জানুয়ারি কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি ঘোষণা করা হয়।

সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক বলেন, অষ্টম বেতন কাঠামো অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক পাঁচ শতাংশ বেতন বাড়ানো হয়। তারা বৈশাখী ভাতাও পান। কিন্তু বেসরকারি প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা এ সুবিধা থেকে বঞ্চিত। এ দ্বৈতনীতি ও বৈষম্যমূলক সিদ্ধান্ত শিক্ষক সমাজ মেনে নিতে পারে না। এমপিও বিষয়ে ২০১৫ সালের ২০ ডিসেম্বর জারি করা আদেশের সমালোচনা করে তিনি বলেন, আদেশে 'অনুদান সহায়তা' শব্দ জুড়ে দিয়ে শিক্ষকদের অপমান করা হয়েছে। শিক্ষকরা বেতনের সরকারি অংশ পান। এটাই এমপিও নামে পরিচিত। ঘোষিত অন্য কর্মসূচির মধ্যে আছে, আগামী ২৭ নভেম্বর সকাল ১১টায় দেশের সব উপজেলা সদরে মানববন্ধন করে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান, ৮ জানুয়ারি সকাল ১১টায় জেলা সদরে মানববন্ধন এবং ১০-২০ জানুয়ারি বিভাগীয় শহরে সমাবেশ করা হবে। এ কর্মসূচি শেষে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবার স্মারকলিপি দেয়া হবে। এছাড়া ২৫ জানুয়ারি কেন্দ্রীয় শহীদ মিনারে জাতীয় শিক্ষক সমাবেশ শেষেও প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেয়া হবে। শিক্ষকদের অন্য দাবির মধ্যে আছে শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষানীতি-২০১০ বাস্তবায়ন, এমপিও বঞ্চিত শিক্ষকদের এমপিওভুক্তি এবং অনুমোদিত শাখার বিপরীতে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির দাবি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আবুল কাশেম, সহসভাপতি বজলুর রহমান মিয়া, রঞ্জিত কুমার সাহা, আলী আসগর হাওলাদার প্রমুখ।